আমরা  বেঁধেছি কাশের গুচ্ছ, আমরা গেঁথেছি শেফালিমালা—
নবীন ধানের মঞ্জরী দিয়ে সাজিয়ে এনেছি ডালা ॥
এসো গো শারদলক্ষ্মী, তোমার শুভ্র মেঘের রথে,
এসো   নির্মল নীলপথে,
এসো   ধৌত শ্যামল আলো-ঝলমল-বনগিরিপর্বতে—
এসো   মুকুটে পরিয়া শ্বেতশতদল শীতল-শিশির-ঢালা ॥
ঝরা মালতীর ফুলে
আসন বিছানো নিভৃত কুঞ্জে ভরা গঙ্গার কূলে
ফিরিছে মরাল ডানা পাতিবারে তোমার চরণমূলে ।
গুঞ্জরতান তুলিয়ো তোমার সোনার বীণার তারে
মৃদুমধু ঝঙ্কারে,
হাসি-ঢালা সুর গলিয়া পড়িবে ক্ষণিক-অশ্রুধারে ।
রহিয়া রহিয়া যে পরশমণি ঝলকে অলককোণে
পলকের তরে সকরুণ করে বুলায়ো বুলায়ো মনে—
সোনা হয়ে যাবে সকল ভাবনা, আঁধার হইবে আলা ॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Ektaal (3-3), Raag: Kalingara
Visit www.geetabitan.com for notation and other detail